রাড্ডা স্বাস্থ্যকেন্দ্র ভাঙচুরের ঘটনায় চারজন গ্রেপ্তার: ডিএমপি কমিশনার



ডিএমপি কমিশনার মোসলেহ উদ্দিন আহমদ। ছবি: সংগৃহীত

রাজধানীর মিরপুরে রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টার ভাঙচুর ও গুঁড়িয়ে দেওয়ার ঘটনায় পুলিশের কোনো অবহেলা ছিল কি না, তা খতিয়ে দেখতে তিন সদস্যের তদন্ত কমিটি করা হয়েছে বলে জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার মোসলেহ উদ্দিন আহমদ।

শনিবার (২৬ সেপ্টেম্বর) ঘটনাস্থল পরিদর্শন করেন ডিএমপি কমিশনার। পরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, পুলিশের গাফিলতি ছিল কি না, তদন্তে তা দেখা হবে।

ঘটনাস্থলের অবস্থা দেখে মোসলেহ উদ্দিন আহমদ বলেন, এত বড় ঘটনা আধা ঘণ্টা বা এক ঘণ্টার মধ্যে ঘটানো সম্ভব নয়। তার কাছে মনে হয়েছে, সময় নিয়ে স্বাস্থ্যকেন্দ্রটিতে ভাঙচুর চালানো হয়েছে। বিশেষ করে ভবনের দুই পাশের টিনশেড ক্ষতিগ্রস্ত ও ভাঙা হয়েছে। ভবনের বিভিন্ন অংশেও ভাঙচুরের চিহ্ন পাওয়া গেছে।

ঘটনায় জড়িতদের বিষয়ে ডিএমপি কমিশনার বলেন, এ ঘটনায় মামলা হয়েছে। এখন পর্যন্ত চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। মামলার এজাহারে নাম থাকা একজনসহ আরও ২০০ থেকে ২৫০ জনকে অজ্ঞাতনামা আসামি করা হয়েছে।

অজ্ঞাতনামা আসামিদের শনাক্ত ও গ্রেপ্তারে পুলিশের অভিযান চলছে বলেও জানান মোসলেহ উদ্দিন আহমদ।